# উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| উপজেলা | ঃ | মোহনগঞ্জ, নেত্রকোণা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ নেত্রকোণা হতে Zoom App এর মাধ্যমে । |
| সভার তারিখ | ঃ | ৩১.০৮.২০২১খ্রিঃ |
| সময় | ঃ | দুপুর ১২.০০ ঘটিকা |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত |

সভাপতি কর্তৃক শোকের মাসের শেষ দিনে সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভাপতির অনুমতি সাপেক্ষে জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

বিগত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত ২৮.০৭.২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ঃ-

০২। **উপজেলা প্রকৌশল বিভাগ ঃ** ক) সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির প্রথম কিস্তিতে ২৪.৬৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের আলোকে সমান ০৪ কিস্তি হিসেবে ৯৮.৭৬ লক্ষ টাকার প্রকল্প গ্রহণ করার বিধান রয়েছে। জরুরিভিত্তিতে প্রকল্প গ্রহণ করা হলে বর্ষা শুরু হওয়ার পূর্বেই প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

খ) **অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ ঃ** উপজেলার ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ কাজ প্রায় শেষ। প্রকল্পটি বাস্তবায়নের সময় মূল ড্রয়িং ডিজাইনের সাথে প্রাক্কলনের কিছুটা অমিল পরিলক্ষিত হয়। যেমন মূল ড্রয়িং এ ভবনের বাহির পার্শ্বে Clading Bricks ধরা ছিল কিন্তু প্রাক্কলনে অন্তর্ভুক্ত ছিল না। যাহা সংশোধিত প্রাক্কলনে অর্ন্তভুক্ত করা হলে অতিরিক্ত ৩০,৩১,৯৪২.০০ টাকার প্রয়োজন হতো। সে জন্য Clading Bricks এর পরিবর্তে বাহিরে রুল পয়েন্টিং এবং ওয়েদারকোট সংশোধিত প্রাক্কলনে অর্ন্তভুক্ত করা হয়েছে। পশ্চিমপার্শ্ব এবং দক্ষিণপার্শ্বে ডিজাইন মোতাবেক ফুটিংসহ সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে এবং উত্তর পার্শ্বে রিটেইনিং ওয়ালসহ সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। এসএস পাইপের কাজ, গ্রীলের কাজ, কন্ট্রোল রুমের কাজ সংশোধিত প্রাক্কলনে অর্ন্তভুক্ত করা হয়। প্রকল্পটির চুক্তিমূল্য ছিল ৬,৫৬,৮২৬৮১.০৪ টাকা এবং উল্লিখিত আইটেমগুলি পরিবর্তনের কারনে সংশোধিত মূল্য ৬,৫২,৮৭,৮৭৩.০০ টাকা হয়। যা পূর্বের মূল্য থেকে ৩,৯৪,৮০৮.০৪ টাকা(০.৬০%) কম। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

গ) **করোনা প্রতিরোধ সামগ্রী সরবরাহঃ** ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের টাকা হতে করোনা ভাইরাসের কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি) বিনামূল্যে বিতরণের জন্য ৪,৩৫,০০০.০০ (চার লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

ঘ) **উপজেলা রাজস্ব তহবিলের অর্থে একটি বসত ঘর নির্মাণ ঃ** উপজেলা রাজস্ব তহবিলের অর্থে ভূমিহীন ও গৃহহীন একটি পরিবারকে একটি বসতঘর নির্মাণ করা হয়। নির্মাণ প্রকল্প কমিটি কর্তৃক বসতঘর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পের বিল বাবদ ১,৭১,০০০.০০ (এক লক্ষ একাত্তর হাজার) টাকার বিল পরিশোধ করার জন্য বিল ভাউচার সভায় পেশ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

ঙ) **আনসারদের ব্যারাক নির্মাণঃ** বিগত মার্চ ২০২১ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারিরীক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসারদের আবাসন ব্যবস্থার জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২ শাখার ২৯ মার্চ ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-২৭২ নং স্মারকে প্রধান প্রকৌশলী এলজিইডি হতে প্রাপ্ত প্রাক্কলন ও আনসার ভিডিপি সদর দপ্তর থেকে প্রাপ্ত লে-আউট প্ল্যান অনুযায়ী ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত মোতাবেক লেআউট প্রদান করা হয়েছে। বর্তমানে কাজ চলমান আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

চ) **উপজেলা পরিষদের আবাসিক ভবন মেরামতঃ** উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার অফিসটি গত জুন/২০২১ মাসে ঝড়ে ভেঙ্গে যাওয়ায় অফিসটি মেরামত করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ স্থানে যে কয়েকটি অফিস বিদ্যমান উক্ত অফিসগুলি নিলাম বিক্রয়ের বিষয়টি প্রক্রিয়াধীন। উক্ত অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালানোর জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে পূর্বাশা বাসভবন ও অন্যান্য অফিস ভবন মেরামত করে বিভিন্ন অফিস স্থানান্তর করা যেতে পারে। এছাড়া উপজেলা পরিষদ, চেয়ারম্যানের অফিস কক্ষ ও অন্যান্য অফিস সরেজমিনে পরিদর্শণ করে মেরামত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ক-চ নং ক্রমিকের উপস্থাপিত বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

CamScanner

**সিদ্ধান্ত ঃ** ক) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) বরাদ্দ মোতাবেক প্রকল্প দাখিল করার জন্য চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং প্রকল্প তালিকা সরবরাহ পূর্বক প্রকল্প বাছাই কমিটির সভা আহবানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

খ) ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের জন্য উল্লিখিত আইটেমগুলি পরিবর্তনের বিষয়ে সকলে একমত পোষন করেন এবং সে মোতাবেক বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

গ) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে বরাদ্দকৃত ৪,৩৫,০০০.০০ (চার লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকায় (৫০০০ কাপড়ের মাস্ক, ৫০০০ সার্জিক্যাল মাস্ক, ১০০০ বড় হ্যান্ড স্যানিটাইজার, ১০০০ লাইফবয় এ্যান্টিসেপটিক সাবান এবং ৭৫টি পালস অক্সিমিটার) কোটেশনের মাধ্যমে ক্রয় করে গরীব, অসহায়সহ সর্বসাধারণকে বিনামূল্যে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ঘ) উপজেলা রাজস্ব তহবিলের অর্থে ভূমিহীন ও গৃহহীন একটি পরিবারকে একটি বসতঘর নির্মাণ প্রকল্পের বিল বাবদ ১,৭১,০০০.০০ (এক লক্ষ একাত্তর হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।

ঙ) উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারিরীক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসারদের আবাসন ব্যবস্থার জন্য ভবন নির্মাণ কাজটি জরুরিভিত্তিতে প্রাক্কলন মোতাবেক গুনগতমান নিশ্চিত করে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

চ) ২০২১-২০২২ অর্থ বছরের বাসা বাড়ি মেরামত খাতের অর্থে উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার অফিস মেরামত, উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামত, উপজেলা পরিষদের অফিস ভবনের সিড়ির দরজা সরবরাহ ও পূর্বাশা বাসভবন মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হয়। জরুরিভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

০৩। **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্বাস্থ্য বিভাগ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, হাসপাতালের বিভিন্ন সমস্যা নিয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার সাথে কথা বলেও কোন সমাধান পাওয়া যায় না। তিনি হাসপাতালের রোগীদের খাবারের টেন্ডারের কার্যক্রম গ্রহণ করার বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে পুনরায় তাগিদ দেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের কার্যালয় থেকে ২০০০(দুই হাজার) কাপড়ের মাস্ক সরবরাহ করা হবে। উক্ত মাস্ক সরবরাহ বাবদ ৪৫,০০০.০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে উত্তোলন পূর্বক মাস্ক সরবরাহ করার অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের অপ্রত্যাশিত খাত হতে ৪৫,০০০.০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা উত্তোলন পূর্বক ২০০০(দুই হাজার) মাস্ক সরবরাহের সিদ্ধান্ত গৃহিত হয় এবং জরুরি ভিত্তিতে উপজেলা স্বাস্থ্যসেবা কমিটির সভা আহবান করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৪। **ত্রাণ বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান বিগত ২০২০-২০২১ অর্থ বছরের টিআর এর মাস্টাররোল এখনও পাওয়া যায়নি। জরুরিভিত্তিতে মাস্টাররোল দেয়ার জন্য অনুরোধ করেন। মুজিবর্ষের বসতঘর নির্মাণ কাজ প্রায় শেষ। বসত ঘরের কোন সমস্যা দেখা দলে তাৎক্ষনিক ভাবে জানানোর জন্য তিনি অনুরোধ করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ত্রাণ শাখার বিভিন্ন কার্যক্রম যেমন বিগত অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পের মধ্যে রোড লাইট, স্টিট লাইট ও সোলার প্যানেলগুলির মধ্যে অধিকাংশই অকেজো অবস্থায় আছে। উক্ত সমস্যা সমাধান না করা পর্যন্ত উল্লিখিত প্রকল্পের জামানতের বিল পরিশোধ না করার জন্য তিন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।

০৫। **কৃষি বিভাগ ঃ** সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বাজরে সারের পর্যাপ্ত মজুদ আছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই। সরকার নির্ধারিত মূল্যে স্থানীয় ডিলারের নিকট থেকে সার সরবরাহের জন্য উপজেলার সকল কৃষককে অনুরোধ করেন।

০৬। **প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৭। **মৎস্য বিভাগ ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান, পোনা মাছ নিধন ও কারেন্ট জাল ব্যহারের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। উক্ত অভিযান পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার কার্যালয়ের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলেও জানান।

০৮। **শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার জানান, আগামী মাসে সকল প্রাথমিক বিদ্যালয় খোলা হবে মর্মে পত্র পাওয়া গেছে। বিদ্যালয় খোলার প্রাথমিক প্রস্তুতি নেয়া হচ্ছে। এছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান।

CamScanner

৯। **মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, করোনা ভাইরাস নিয়ন্ত্রনে জনসচেতনার জন্য স্বাস্থ্য বিধি মেনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠান চালু করার নির্দেশনা পাওয়া গেছে। বিদ্যালয়ে পাঠদানের সুষ্ঠুপরিবেশ ফিরিয়ে আনার প্রস্তুতি চলছে। এছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।

১০। **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিআরডিবির মাধ্যমে SME ঋণ বিতরণ করা হয়। উক্ত ঋণ প্রদান ও ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলেও জানান ।

১১। **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যুব পুরুষ ও যুব মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। এবং উক্ত প্রশিক্ষিতদের মধ্যে কর্মসংস্থান ব্যাংকের মাধ্যমে ১০৮ জনকে ১,৩৮,০০,০০০.০০ (এক কোটি আটত্রিশ লক্ষ) টাকা ঋণ প্রদান করা হয়। তার কার্যালয় থেকে গৃহিত ঋণের খেলাপি টাকা আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

১২। **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান হাম রোমেলা ক্যাম্পেইন কার্যক্রম চালু আছে। জুলাই/২০২১ মাসের পরিবার পরিকল্পনা বিষয়ক বিভাগীয় কার্যক্রম পেশ করেন। মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩১৮২০ জন। মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪৯৭৫ জন, মোট সিএ আর ৭৮.৫৯%, পুরুষ বন্ধাকরণ ০০ জন, মহিলা বন্ধাকরণ ০৩ জন, ইমপ্ল্যানন ৫০ জন, আইইউডি ০৫ জন।

১৩। **(এমসি.এইচ. এফ-পি) মেডিকেল বিভাগ ঃ** মেডিকেল অফিসার (এমসিএইচ,এফ-পি.) জানান, জুলাই-২০২১ মাসে মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের মধ্যে গর্ভবতী মায়ের যত্ন ৭৮২ জন, ডেলিভারী ১২০ জন, গর্ভোত্তর যত্ন ৩৬৫ জন, ০-০৫ শিশু পরিচর্যা-২৩৪০ জন এবং সাধারণ রোগী পরিচর্যা করা হয়েছে ১৮৭০ জন।

১৪। **মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান মাতৃত্ব ভাতা কার্যক্রমসহ তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । অক্টোবর- ডিসেম্বর ২০২১ মেয়াদে ০৩ মাসের প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষনার্থী নির্বাচন করা হচ্ছে বলেও জানান।

১৫। **জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস সভায় জানান, প্রতিটি ইউনিয়নে ৩২টি করে গভীর টিউবওয়েল বরাদ্দ পাওয়া যায়। তার মধ্যে ১৬ টি মাননীয় সংসদ সদস্য এবং ১৬ উপজেলা পরিষদ কর্তৃক সুবিধাভোগী নির্বাচন করার নির্দেশনা রয়েছে। জরুরিভিত্তিতে উক্ত বিষয়ে সভা আহবান করা হবে বলে তিনি জানান। জনস্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে চেয়ারম্যান ০৭ নং গাগলাজুর ইউপি বলেন, গভীর নলকূপ স্থাপন প্রকল্পের অনেক নলকূপ ঠিকমত বসানো হচ্ছে না । প্রায় অনেক নলকূপে মোটেও পানি আসে না। গভীর নলকূপের যাবতীয় সমস্যা জরুরি সমাধানের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জকে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।
সিদ্ধান্ত ঃ জরুরী ভিত্তিতে ওয়ার্ডসন কমিটির সভা আহবান করে নলকূপের সকল সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্যকে অনুরোধ করা হয়।

১৬। **উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা অফিসার জানান, প্রতিবন্ধী সনাক্তকরণ কাজ সুষ্ঠুভাবে করার জন্য হাসপাতালে প্রতিদিন একটি নিদিষ্ট সময়ের জন্য একজন ডাক্তার নিয়োগ করার অনুরোধ করেন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান।

১৭। **উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।

১৮। **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১৯। **বিদ্যুৎ বিভাগ ঃ** ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ জানান বর্তমানে এ উপজেলায় বিদ্যুতের বরাদ্দ কম পাওয়া যাচ্ছে। উপজেলার চাহিদার তুলনায় বিদ্যুৎ কম বরাদ্দ পাওয়ার বিষয়টি সংশ্লিষ্ট উদর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে অনুলিপি উপজেলা নির্বাহী অফিসকে দেয়ার জন্য অনুরোধঃ করা হয়। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

২০। **আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ** সভায় উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প জানান বর্তমান মাসে অনেক খেলাপি ঋণ আদায় করা হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

২১। **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (স্থানীয় সরকার বিভাগ)ঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়নাধীন "উপজেলা পরিচালন ও উন্নয়ন (UGDP)" শীর্ষক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে চলছে।

২২। **উপজেলা আনসার ও ভিডিপি অফিস ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

২৩। **প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র ঃ** উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।

২৪। **সভায় চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ বলেন,** উপজেলার প্রতিবন্ধী জরিপ কাজ সম্পন্নের জন্য একজন ডাক্তারকে দায়িত্ব দেয়া জরুরি। একজন ডাক্তার সপ্তাহে ২দিন নিদিষ্ট সময়ে প্রতিবন্ধী জরিপের কাজ করলে উপজেলার হতদরিদ্র প্রতিবন্ধী লোকজন উপকৃত হবে। জরিপ কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন না হলে প্রতিবন্ধী লোকজন ভাতা থেকে বঞ্চিত হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনরোধ করেন।

CS CamScanner

২৫। **সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,** বলেন উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত না হওয়ায় বিভিন্ন তথ্য প্রদানে সমস্যা হচ্ছে। তিনি উক্ত কমিটির সভা নিয়মিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

২৬। **সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ** নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি মহোদয়কে উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানান। তিনি সভায় সকলকে উপজেলার উন্নয়নমূলক কাজ সম্মিলিত ভাবে করার অনুরোধ করেন। তিনি স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিত করার জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করেন।

২৭। ক) জুলাই/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ৩০.০৮.২০২১ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী, এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুলাই/২০২১ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২১ মাসের ভ্রমণ বিল। | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুলাই/২০২১ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২১ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুলাই/২০২১ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২১ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর জুলাই/২০২১ মাসের মজুরী প্রদান। | ৯,০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের জুলাই/২০২১ মাসের সভার আপ্যায়ন ,আনুষঙ্গিক ব্যয় | ২০.০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জুলাই/২০২১ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা কর্তৃক সরবরাহকৃত ২০০০ মাস্ক বাবদ উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়। | ৪৫,০০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৫৮৯(৪০)

তারিখঃ ৩১.০৮.২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৪. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৫. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৭. উপজেলা ..........................................অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৮. চেয়ারম্যান,..........................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৯. সংরক্ষণ নথি।

(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CS CamScanner